



আ. স. পত্র নং ৩১.০০.০০০০.০৮৮.৩৯.০০১-১২- ১৮৩

২০১৫
১০/১০/১৫

সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

তারিখ ৩১ মে ২০১৫ খ্রিঃ

প্রিয় সহকর্মী,

আপনি নিচয়ই জানেন যে ভূমি রাজস্ব ব্যবস্থাপনায় ভূমি উন্নয়ন কর আদায় হালকরণ একটি গুরুত্বপূর্ণ কাজ। এক্ষেত্রে সঠিকভাবে ভূমি উন্নয়ন করের দাবি নির্ধারণ করা অত্যন্ত জরুরি। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে অধিকাংশ ক্ষেত্রে ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণ করা হচ্ছে না। ফলে পূর্ববর্তী বছর ১০০% এর বেশি সাধারণ দাবি আদায় করা সত্ত্বেও পরের বছর আবার হাল দাবির চেয়ে বকেয়া দাবি অনেক বেশি দেখানো হচ্ছে। অপরদিকে এ বকেয়া দাবি আদায়ে কোন সার্টিফিকেট মামলা দায়েরের উদ্যোগও লক্ষণীয় নয়। ভূমি উন্নয়ন কর বিধিমালা ১৯৭৬ এর ৩(৩) ও ৪(১) বিধি এবং ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০ এর ২৮ অনুচ্ছেদ অনুসরণ করে যথাযথ প্রক্রিয়ায় সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক জমির ব্যবহারভিত্তিক সঠিক দাবি নির্ধারণ করা হলে এরপ সমস্যা থেকে উত্তরণ ঘটানো সম্ভব মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সহকারী কমিশনার(ভূমি) এবং কর্মকর্তাগণের সঠিকভাবে ভূমি উন্নয়ন কর নির্ধারণে তৎপর হওয়া প্রয়োজন। উল্লেখ্য, সঠিক দাবি টানার কারণে সাধ্যমত চেষ্টা করার পরও কোন কারণে টার্গেট ১০০% অর্জিত না হলে তজন্য কোন কর্মকর্তা-কর্মচারীকে দায়ি করা হবে না।

২। বর্ণিত প্রেক্ষাপটে উল্লিখিত বিধি-বিধানের আলোকে জেলার ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

গভীর শ্রদ্ধাসহ

আন্তরিকভাবে আপনার,

স্বাক্ষর

(মোহাম্মদ শফিউল আলম)
সিনিয়র সচিব

জেলাপ্রশাসক, ----- (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জনাব মোঃ মাহফুজুর রহমান
চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিবিল বা/এ, ঢাকা।

অনু DLR C - ১২ ত্রুট্যস্ত রহমান জ্ঞান পঞ্জীয়ন
দেশুক প্রতি অনুমতি প্রদান করা হয়।

DLR-C

DLR-C
ত্রুট্যস্ত রহমান
জ্ঞান পঞ্জীয়ন

১০/৬/১৫

১০/৬/১৫

(মোহাম্মদ শফিউল আলম)
সিনিয়র সচিব

১০/৬/১৫

* ହତ୍ୟା କରୁଥିଲୁ, website ଏ ସଫର୍ମ
ଲୋ. ୨୩୮୯୫୨

ସେବା
୧୦୧/୧୦୧